দৈনিক জনকণ্ঠ

তারিখ ... ... MAY 1 0 1999 ..
পৃষ্ঠা ২২ কলাম ৭

১৫৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শিক্ষা মন্ত্রণালয়

# জরুরী বিজ্ঞপ্তি

এতদ্দ্বারা সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ১৯৯৮-৯৯ অর্থবছরে এমপিও ভুক্তির আদেশপ্রাপ্ত নতুন শিক্ষা প্রতিষ্ঠানের এমপিও ভুক্তির জন্য নিম্নবর্ণিত তালিকানুযায়ী প্রয়োজনীয় কাগজপত্র বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস), ১ নং সোনারগাঁও রোড, (পলাশী-নীলক্ষেত), ঢাকা-১২০৫। ঠিকানায় প্রেরণ অথবা জমাদানের জন্য অনুরোধ করা যাচ্ছে। কাগজপত্র জমাদানের শেষ তারিখ ২৫শে মে, ১৯৯৯ ইং।

**এমপিও ভুক্তির জন্য প্রয়োজনীয় কাগজপত্রাদির তালিকা**

১। শিক্ষা মন্ত্রণালয়ের অনুদান সংক্রান্ত চিঠির সত্যায়িত কপি।
২। শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত অঙ্গীকারপত্র (নমুনা কপি দেখুন) স্বাক্ষরিত ও সীলমোহরকৃত (১৫০/– টাকার ষ্ট্যাম্পের উপরে)।
৩। স্বীকৃতি/নবায়নপত্রের সত্যায়িত কপি।
৪। শিক্ষা বোর্ড কর্তৃক কমিটি অনুমোদনপত্রের সত্যায়িত কপি।
৫। বাছাই কমিটি গঠন সংক্রান্ত রেজুলেশনের কপি।
৬। বাছাই কমিটি কর্তৃক শিক্ষক/কর্মচারী নিয়োগের সুপারিশ মালা।
৭। ম্যানেজিং কমিটি/গভর্নিং বডি কর্তৃক নিয়োগ অনুমোদনের সত্যায়িত কপি।
৮। শিক্ষক/কর্মচারীর নিয়োগপত্র।
৯। শিক্ষক/কর্মচারীর যোগদানপত্র।
১০। জেলা শিক্ষা অফিসার কর্তৃক প্রতিস্বাক্ষরিত শিক্ষক/কর্মচারীর বিবরণ (ব্যাংক হিসাব নম্বরসহ)।
১১। জেলা শিক্ষা অফিসার কর্তৃক প্রতিস্বাক্ষরিত প্রতিষ্ঠান জরিপ ফরমের ১ (এক) কপি।
১২। জেলা শিক্ষা অফিসার কর্তৃক প্রতিস্বাক্ষরিত শিক্ষক/কর্মচারীর তথ্য ফরমের ১ (এক) কপি।
১৩। পত্রিকায় নিয়োগ বিজ্ঞপ্তির কপি (পত্রিকার পূর্ণ পৃষ্ঠাসহ)।
১৪। শিক্ষক/কর্মচারীদের শিক্ষাগত যোগ্যতা ও প্রশিক্ষণের সত্যায়িত সনদপত্র।
১৫। সকল কাগজপত্র গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত হতে হবে।
১৬। প্রদর্শক ও বিএসসি শিক্ষকদের স্নাতক পরীক্ষার মার্কশীটের সত্যায়িত কপি।
১৭। স্তর উন্নীত শিক্ষা প্রতিষ্ঠানের ক্ষেত্রে পূর্বে এমপিও ভুক্ত শিক্ষক/কর্মচারীদের বিবরণী অবশ্যই জমা দিতে হবে।

**অঙ্গীকারপত্র (নমুনা)**

আমি এই মর্মে প্রত্যায়ন করিতেছি যে, আমার শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক ও কর্মচারীদের অনুদান প্রদান সংক্রান্ত দাখিলকৃত যে সকল কাগজপত্র/তথ্য দেওয়া আছে তাহা সঠিক ও সত্য। এই তথ্যসমূহের মধ্যে কোনটি অসত্য প্রমাণে প্রতিষ্ঠানটির শিক্ষক/কর্মচারীদের অনুদান সরকার বন্ধ করিলে আমি কোন আপত্তি উত্থাপন করিতে পারিব না। সেইরূপ কোন আপত্তি করিলে তাহা আইনতঃ অগ্রাহ্য হইবে।

স্বাক্ষর ও সীল
প্রতিষ্ঠান প্রধানের স্বাক্ষর ও সীল — **সভাপতি, ব্যবস্থাপনা কমিটি**

ডিএফপি—১০১৬৯—৯/৫
স—১২৩২ (৮" X ২)
Tender-J (9-5)HD-9

মোঃ গিয়াস উদ্দীন আহমেদ
সিনিয়র সহকারী সচিব
ফোন ঃ ৮৬৩৬৪০-৪৯/৩২৯০